# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট  মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ইউরোপের একটি দেশের নাম ইংল্যান্ড। এক সময় ইংল্যান্ড থেকে ভারতে আসতে হতো জলপথে। ইউরোপ থেকে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন পর্তুগালের নাবিক ভাস্কো-ডা-গামা। পরবর্তী কালে এ পথ ধরে ইউরোপের বিভিন্ন দেশের বণিকেরা উপমহাদেশে আগমন করে। ইউরোপীয়দের মধ্যে সর্বপ্রথম আসে পর্তুগিজরা। বিভিন্ন জাতির মধ্যে ইংরেজরা দীর্ঘসময় এ মহাদেশে প্রভাব বিস্তার করলেও পরবর্তীতে তারা এখান থেকে চলে যেতে বাধ্য হয়।

ক. দিল্লির কোন বাদশাহ সিপাহী বিদ্রোহে সমর্থন জানিয়েছেন? ১

খ. 'মাৎস্যন্যায় যুগ' বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বণিকেরা কীভাবে বাংলায় বাণিজ্য বিস্তার করে? ৩

ঘ. বাংলায় ভিনদেশি শাসনের অবসান কীভাবে হয়েছিল? যুক্তি দাও। ৪

২. ▶ জমির আলী তার নাতির সাথে গল্প করতে গিয়ে বলেন যে, এদেশে তাদের জমিদারি থাকলেও বিদেশি শাসকগোষ্ঠীকে ভূমি রাজস্ব প্রদান করতে হতো এবং ঐ গোষ্ঠী তৎকালীন জমিদারি ব্যবস্থার ওপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করেছিল। কিন্তু শিক্ষা ও সামাজিক ক্ষেত্রে তাদের অবদান অনস্বীকার্য।

ক. কত সালে স্বাধীন সুলতানি আমলের সূচনা হয়? ১

খ. বঙ্গভঙ্গ কেন হয়েছিল? ২

গ. জমির আলীর উল্লিখিত শাসনামলে ভারত কীভাবে ইংরেজদের দ্বারা শাসিত হয়েছিল? ৩


ঘ. শিক্ষা ও সামাজিক ক্ষেত্রে উক্ত শাসকশ্রেণির অবদান অনস্বীকার্য— বিশ্লেষণ করো। ৪

৩. ★ M গ্রামের দুই অংশের মধ্যে কিছু বিষয়ে মতবিরোধ ছিল। তারই ফলশ্রুতিতে উক্ত গ্রামের উত্তর অংশের লাঠিয়াল বাহিনী হঠাৎ এক রাতে ঝাঁপিয়ে পড়ে, নির্বিচারে নারী-পুরুষ ও শিশুদের হত্যা করে। কোনো কোনো জায়গায় আগুন ও লাগিয়ে দেয়। এর পর হানাদার লাঠিয়ালরা নিরস্ত্র নারী-পুরুষদের প্রতিনিধিকে বন্দী করে তাদের দক্ষিণ অংশে নিয়ে যায়।

https://teachingbd24.com


ক. মুক্তিযুদ্ধের সময় 'উপদেষ্টা পরিষদ' কার নেতৃত্বে গঠিত হয়? ১
খ. কোন সরকারকে প্রবাসী সরকার বলে? কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত ঘটনা বাংলাদেশের ইতিহাসের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উক্ত ঘটনার চূড়ান্ত পরিণতি হলো স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়'— উক্তিটি মূল্যায়ন করো। ৪

৪. ★




ক. মুক্তিবাহিনীর ডেপুটি চিফ অব স্টাফ কে ছিলেন? ১
খ. যৌথ বাহিনী বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের A মুক্তিযুদ্ধের কোন সেক্টর? এর গুরুত্ব ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের B ক্র্যাক প্লাটুন নামে পরিচিত ছিল— তোমার মতামত দাও। ৪

৫. ★




ক. সামাজিকীকরণ প্রক্রিয়া শুরু হয় কখন? ১
খ. সামাজিকীকরণে স্থানীয় সমাজের বিভিন্ন উপাদান ব্যাখ্যা করো? ২


https://teachingbd24.com

গ. উদ্দীপকের কোন উপাদানটি শিশুর এক ধরনের বিনোদন? ব্যাখ্যা করো। ৩
ঘ. কাঙ্ক্ষিত ও সুস্থ জীবনের জন্য উদ্দীপকের উপাদানগুলোর ভূমিকা নিরূপণ করো। ৪

৬. ★ হিরণ শেখের বাড়ি বিক্রমপুরে। তার কিছু ফসলি জমি আছে। এতে তিনি ডাল ও আলু চাষ করেন। এ থেকে প্রচুর লাভ করেন। অন্যদিকে বাবর আলী গাজীপুরে বাস করেন। তার একটি পোশাক তৈরির কারখানা আছে। তার কারখানার পোশাক দেশের চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানি করে।

ক. শিক্ষা প্রাপ্তিতে অসমতার হার নেপালে কত? ১
খ. মানব উন্নয়ন সূচক কী? বোঝাও? ২
গ. হিরণ শেখের কাজ জাতীয় আয়ের কোন খাতের অর্ন্তগত? বিভিন্ন বছরের প্রবৃদ্ধির হারসহ ব্যাখ্যা করো। ৩
ঘ. GDP তে বাবর আলীর কাজের অবদান বিশ্লেষণ করো। ৪

৭. ★




Teachingbd24.com

ক. এইচসিএফসি এর পূর্ণরূপ কী? ১
খ. গ্রিন হাউস প্রতিক্রিয়া বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে W চিহ্নিত স্তরটির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩
ঘ. চিত্রের X স্তরটি মানুষের জীবনধারণের জন্য গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ করো। ৪

৮. ► জাওয়াদ ও মিকদান দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র। দুজন হলে বসে অবসর সময়ে বিভিন্ন দেশের মূল দলিল নিয়ে আলোচনা করছিল। জাওয়াদ বলল, পৃথিবীর কোনো কোনো দেশের সংবিধান প্রথার মাধ্যমে গড়ে উঠেছে। কিন্তু বাংলাদেশের সংবিধান যা লেখা হয়েছে লাখো শহিদের রক্তের বিনিময়ে।

ক. প্রজাতান্ত্রিক সরকার কাকে বলে? ১
খ. সংসদীয় পদ্ধতির সরকার ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বাংলাদেশের সংবিধান রচনার পটভূমি ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ৪

৯.▶ জনাব লাল্টু 'ক' জেলার শহর এলাকার একজন নির্বাচিত চেয়ারম্যান। নির্বাচিত হয়ে তিনি এলাকায় ভেজালমুক্ত খাদ্য বিক্রি নিশ্চিত এবং পরিবেশ রক্ষায় ব্যবস্থা গ্রহণ করেন। উদার, কর্মঠ, সৎ ও সাহসী চেয়ারম্যানকে নির্বাচিত করতে পেরে তার এলাকার লোকজন গর্বিত।

ক. দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করে কোন বিভাগ? ১

খ. রাষ্ট্র পরিচালনায় সরকারকে কীসের সাথে তুলনা করা হয়েছে? কেন? ২

গ. উদ্দীপকে জনাব লাল্টু যে স্থানীয় সরকারের প্রধান তার গঠন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের কাজগুলো কি জনাব লাল্টুর একমাত্র কাজ? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ জনসংখ্যা নিয়ন্ত্রণে উদ্যোগ

| P | Q |
|---|---|
| ◆ নিরক্ষরতা দূরীকরণ | ◆ মা ও শিশুর টিকা প্রদান |
| ◆ নারী শিক্ষার প্রসার | ◆ প্রশিক্ষণ |
| ◆ স্বাস্থ্য ও পরিবার কল্যাণমূলক কাজ | ◆ বাল্য বিবাহ রোধ |
| ◆ রেজিস্ট্রেশন ও কর্মসংস্থান | ◆ ধর্মীয় নেতাদের উদ্বুদ্ধকরণ |

Teachingbd24.com

ক. মার্কিন যুক্তরাষ্ট্রের মাথাপিছু আয় কত? ১

খ. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার কৌশল লেখ। ২

গ. উদ্দীপকে P কাজগুলো কার উদ্যোগে সম্পাদিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. P- Q এর কাজগুলো সম্পাদনের মাধ্যমে একটি রাষ্ট্রের জনসংখ্যা নিয়ন্ত্রণ সম্ভব— বিশ্লেষণ করো। ৪

১১.▶ জনাব ইমরান তার সহকর্মী কামরানের সাথে বিশ্বের শিল্পোন্নত দেশগুলো সম্পর্কে আলোচনা করছে। জনাব ইমরান বললেন, বাংলাদেশ শিল্পে উন্নত নয় তবে উন্নয়নশীল দেশ। বাংলাদেশের সম্ভাবনাময় একটি শিল্পের কথা বললেন, জনাব ইমরান। অপর দিকে কামরান বললেন একটি শিল্পের কথা যা অল্প সময়ে দেশের বৃহত্তম রপ্তানি শিল্পে পরিণত হয়েছে।

ক. বাংলাদেশের প্রথম প্রাকৃতিক গ্যাসভিত্তিক সার কারখানা কোথায়? ১

খ. 'সাদা সোনা' কাকে কেন বলা হয়? ২

গ. উদ্দীপকে জনাব ইমরানের উল্লিখিত শিল্পটি ব্যাখ্যা করো। ৩

ঘ. কামরান উল্লেখকৃত শিল্প কর্মসংস্থানের কতটুকু ভূমিকা পালনে সক্ষম হয়েছে? মতামত দাও। ৪

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ১৬৪৮ সালে ইউরোপের যুদ্ধরত বিভিন্ন দেশের মধ্যে কোন চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?
ⓚ ম্যাগনাকাটা চুক্তি ⓚ ওয়েস্টফালিয়ার চুক্তি
ⓖ আমস্টারডাম চুক্তি ⓖ আটলান্টিক চুক্তি

২. ব্রিটিশ শাসনকালে নারী সমাজ ব্যাপকভাবে পিছিয়ে থাকার কারণ কী ছিল?
ক) সামাজিক অনুশাসন
খ) বৈষম্যনীতি
গ) সামাজিক অসহযোগিতা
ঘ) আইনগত বাধা

৩. ফরাসিরা কোথায় তাদের শক্ত ঘাঁটি গড়ে তুলেছিল?
ক) কলকাতা খ) হুগলি
গ) পাঞ্জাব ঘ) চন্দননগর

৪. সতীদাহ প্রথা বিলোপ করতে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন কোন সংস্কারক?
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ) রাজা রামমোহন রায় ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

৫. ★ বাংলাদেশের মুক্তি সংগ্রাম সংঘটিত হওয়ার পেছনে সবচেয়ে বেশি প্রভাব ফেলেছে কোনটি?
ক) ভাষা আন্দোলন
খ) ১৯৭০ সালের নির্বাচন
গ) ১৯৫৪ সালের নির্বাচন
ঘ) গণঅভ্যুত্থান

৬. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে ভূমিকা রাখে—
i. ভারত
ii. সোভিয়েত ইউনিয়ন
iii. চীন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. ★ ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের ফলে—
i. জনগণ মুক্তির সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে
ii. জনগণ অসহযোগ আন্দোলনে অংশ নেয়
iii. সেনানিবাসে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. যৌথবাহিনী ঢাকার বিভিন্ন সামরিক অবস্থানের ওপর বিমান হামলা চালায় কত তারিখে?
ক) ১৯৭১ সালের ৯ই ডিসেম্বর
খ) ১৯৭১ সালের ১০ই ডিসেম্বর
গ) ১৯৭১ সালে ১২ই ডিসেম্বর
ঘ) ১৯৭১ সালের ১৪ই ডিসেম্বর

৯. ব্যক্তির সুষ্ঠু বিকাশের জন্য প্রয়োজন—
ক) শিক্ষা খ) প্রশিক্ষণ
গ) নগরায়ণ ঘ) সামাজিকীকরণ

১০. ★ আধুনিক বিশ্বে সামাজিক যোগাযোগের ক্ষেত্রে কার্যকর মাধ্যম কোনটি?
ক) ই-মেইল খ) ই-কমার্স
গ) ফেসবুক ও টুইটার ঘ) বেতার ও টেলিভিশন

১১. সামাজিকীকরণের প্রথম ও প্রধান বাহন কোনটি?
ক) সমবয়সী বন্ধু খ) স্থানীয় সমাজ
গ) বিদ্যালয় ঘ) পরিবার

১২. ★ শিশুর মধ্যে সহমর্মিতা, সহযোগিতা, সহনশীলতা ও নেতৃত্বের গুণগুলো বিকশিত হয়—
ক) শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে
খ) রাজনৈতিক প্রতিষ্ঠানের মাধ্যমে
গ) পরিবারের মাধ্যমে
ঘ) সমবয়সী সঙ্গীদের মাধ্যমে

১৩. আমাদের দেশে রেমিটেন্সের ফলে উন্নয়ন ঘটে—
ক) সাংস্কৃতিক খ) রাজনৈতিক
গ) সামাজিক ঘ) অর্থনৈতিক

১৪. দক্ষ জনশক্তিতে রূপান্তরিত হওয়ার উপায় হলো—
ক) দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ
খ) উচ্চ সুদে ঋণদান
গ) বিদেশি জনশক্তি রপ্তানি
ঘ) অধিক কলকারখানা স্থাপন

Teachingbd24.com

১৫. ★ বাংলাদেশ সরকার প্রাথমিক ও গণশিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে কেন?
ⓚ জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য
ⓚ মাথাপিছু আয় বৃদ্ধির জন্য
ⓖ স্বাক্ষরতার হার বৃদ্ধির জন্য
ⓖ জনস্বাস্থ্য রক্ষার জন্য

১৬. আমাদের দেশের বিপুল সংখ্যক মানুষ কিসের অভাবে অসচেতন ও অদক্ষ?
(ক) পুষ্টিহীনতা (খ) শিক্ষা
(গ) চিকিৎসা (ঘ) কর্মসংস্থান

**নিচের অনুচ্ছেদটির আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**

তৌহিদ দেশে প্রশিক্ষণ নিয়ে মধ্যপ্রাচ্যের একটি দেশে চাকরি নিয়ে চলে যায়। সেখান থেকে তার অর্জিত আয়ের একটি অংশ ব্যাংকের মাধ্যমে তার পরিবারের কাছে পাঠায়।

১৭. তৌহিদের শ্রম বা মেধা দিয়ে দেশের উন্নয়নে অবদান রাখায় তৌহিদকে কী বলা যাবে?
(ক) মানবসম্পদ (খ) শ্রমজীবী
(গ) পেশাজীবী (ঘ) স্বাবলম্বী

১৮. তৌহিদের টাকা পাঠানোর কারণে বাংলাদেশে বাড়ছে—
i. জীবনযাত্রার মান
ii. অর্থনীতির সূচক
iii. মাথাপিছু আয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি কী?
(ক) সাম্য ও স্বাধীনতা
(খ) সাম্য ও জনগোষ্ঠী
(গ) ঐক্য ও সংহতি
(ঘ) স্বাধীনতা ও নিরাপত্তা

২০. 'সরকারের সকল ক্ষমতা জনগণ কর্তৃক নিয়ন্ত্রিত' —এটি কোন সরকারব্যবস্থার ক্ষেত্রে প্রযোজ্য?
(ক) সমাজতন্ত্র (খ) গণতন্ত্র
(গ) একনায়কতন্ত্র (ঘ) রাজতন্ত্র

২১. আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারপতিগণ কীভাবে নিয়োগপ্রাপ্ত হন?
(ক) প্রধানমন্ত্রী কর্তৃক (খ) রাষ্ট্রপতি কর্তৃক
(গ) স্বীকার কর্তৃক
(ঘ) প্রধান বিচারপতি কর্তৃক

২২. ★ বাংলাদেশের সংবিধানের পরিবর্তন বা সংশোধনের দায়িত্ব পালন করে—
(ক) রাষ্ট্রপতি (খ) প্রধানমন্ত্রী
(গ) জাতীয় সংসদ (ঘ) নির্বাচন কমিশন

২৩. ক্ষমতা বণ্টনের নীতি অনুসারে গণতান্ত্রিক সরকারকে কয়ভাগে ভাগ করা যায়?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) পাঁচ

২৪. মানবসৃষ্ট গ্যাস কোনটি?
(ক) অক্সিজেন (খ) মিথেন
(গ) সিএফসি (ঘ) কার্বন

২৫. প্রতিবছর ফেব্রুয়ারি মাসের কত তারিখ 'জাতীয় জনসংখ্যা দিবস' পালন করা হয়?
(ক) ৮ (খ) ৬
(গ) ৪ (ঘ) ২

২৬. ২০১০ সালে বাংলাদেশ জাতিসংঘ পুরস্কার লাভ করেছে কোন ক্ষেত্রে?
(ক) নারীর ক্ষমতায়নে
(খ) জনসংখ্যা নিয়ন্ত্রণে
(গ) নারীর অপুষ্টি রোধে
(ঘ) শিশুমৃত্যু হ্রাসে

২৭. বাংলাদেশ সরকার কত সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ?
(ক) ২০১২ (খ) ২০১৩
(গ) ২০১৪ (ঘ) ২০১৫

২৮. ★ 'মাদককে না বলুন' এ প্রতিজ্ঞায় জনগণ কাদেরকে উদ্বুদ্ধ করতে পারে?
(ক) তরুণদের (খ) শিশুদের
(গ) মহিলাদের (ঘ) পিতামাতাদের

২৯. বাংলাদেশে কোন শিল্প বর্তমানে সম্ভাবনাময় শিল্প হিসাবে বিবেচিত হচ্ছে?
(ক) সার শিল্প (খ) চামড়া শিল্প
(গ) কাগজ শিল্প (ঘ) ঔষধ শিল্প

৩০. বাংলাদেশের কোন শিল্পে অধিক লোক কর্মরত আছে?
(ক) কাগজ (খ) পোশাক
(গ) চিনি (ঘ) সার

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

Teachingbd24.com